

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
(www.bepza.gov.bd)

নং ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০৬৯.১৬-৫২৯

তারিখ: ২৬ আগস্ট ২০১৭
২৯ শ্রাবণ ১৪২৪নিয়োগপত্র

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর রাজস্ব খাতের শূন্য পদে নিয়োক্ত প্রার্থীগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ নিম্নলিখিত শর্তাধীনে নিয়োগ প্রদান করা হলো:

ক্র/নং	প্রার্থীর নাম ও স্থায়ী ঠিকানা	প্রার্থীর বর্তমান ঠিকানা	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ' ২০১৫ অনুযায়ী)
(১)	জনাব মোঃ জাহিদুল ইসলাম পিতা: আঃ রশিদ বিশ্বাস গ্রাম: দক্ষিণ বিরাজলা, পোঃ বোতল বুনিয়া উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী।	জনাব মোঃ জাহিদুল ইসলাম পিতা: আঃ রশিদ বিশ্বাস বেপজা কমপ্লেক্স, বাড়ী # ১৯/ডি রোড # ৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।	কম্পাউন্ডার ৯৭০০-২৩৪৯০/-

নিয়োগের শর্তাবলী:

- (ক) নিয়োগকৃত প্রার্থীগণ আগামী ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সচিব, বেপজা, ঢাকা বরাবর যোগদান করবেন, অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (খ) নিয়োগকৃত প্রার্থীর চাকরি তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- (গ) যোগদানের সময় সরকারি সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে;
- (ঘ) নিয়োগকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) নিয়োগকৃত প্রার্থীর চাকরি বেপজা কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ মোতাবেক পরিচালিত হবে;
- (চ) প্রাথমিক পর্যায়ে নিয়োগকৃত প্রার্থী-কে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকতে হবে। কর্তৃপক্ষ শিক্ষানবিসের মেয়াদ বৃদ্ধি করতে পারবেন। শিক্ষানবিসের মেয়াদ চলাকালীন সময়ে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ৩০ (ত্রিশ) দিনের নোটিশ অথবা এক মাসের বেতন প্রদান করে উভয় পক্ষই চাকরিচ্যুত/চাকরি ত্যাগ করতে পারবেন।
- (ছ) নিয়োগকৃত প্রার্থীকে কোন পদে স্থায়ী করা হবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করে থাকেন এবং নির্ধারিত প্রশিক্ষণ সমাপনান্তে বিভিন্ন সময়ে বেপজা কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হন। শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হলে লিখিতভাবে চাকরি স্থায়ী ঘোষণা করা হবে;
- উপর্যুক্ত শর্তাবলী অনুযায়ী বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর চাকরিতে যোগদান করতে ইচ্ছুক হলে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

মোঃ নবীউল ইসলাম
সচিব
ফোনঃ ৯৬৬৪১৫৪

E-mail : secretary@bepza.gov.bd

প্রাপক:

জনাব মোঃ জাহিদুল ইসলাম
পরিচিতি নং ১০২৩৫১
পিতা: আঃ রশিদ বিশ্বাস
বেপজা কমপ্লেক্স, বাড়ী # ১৯/ডি
রোড # ৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক-১)।
- (২) সদস্য (বিউ/প্রকৌশল/অর্থ), বেপজা, ঢাকা।
- (৩) মহাব্যবস্থাপক (নিরাপত্তা/এমআইএস/ইএস/জনসংযোগ/বিউ/নিরীক্ষা)/প্রধান প্রকৌশলী/প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তা, বেপজা, ঢাকা/ মহাব্যবস্থাপক, ঈশ্বরদী ইপিজেড/কর্ণফুলী ইপিজেড/কুমিল্লা ইপিজেড/চট্টগ্রাম ইপিজেড/উত্তরা ইপিজেড।
- (৪) ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক, আদমজী ইপিজেড/মংলা ইপিজেড/ঢাকা ইপিজেড/ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ), বেপজা, ঢাকা।
- (৫) একান্ত সচিব এরম মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
- (৬) নথি/ব্যক্তিগত নথি।